



তথ্যবিবরণী

নম্বর-২৮১

রাজশাহীর পবা ও মোহনপুরে শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ সম্পন্ন

রাজশাহী, ১৫ জ্যৈষ্ঠ (২৯ মে):

আজ বুধবার (২৯ মে) রাজশাহীর পবা ও মোহনপুর উপজেলায় দুই-একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া '৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের' তৃতীয় ধাপের ভোট গ্রহণ শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

আইন-শৃঙ্খলাবাহিনীর কঠোর নিরাপত্তায় সকাল আটটা থেকে শুরু হয়ে বিকাল চারটা পর্যন্ত ভোট গ্রহণ করা হয়। সকাল থেকেই উপজেলার ভোট কেন্দ্রগুলোতে ভোটারদের উৎসবমুখর উপস্থিতি ছিল।

এবার তৃতীয় ধাপে পবা উপজেলার ৮৪টি ভোট কেন্দ্রে মোট বুথের সংখ্যা ৬২৬ টি। এ উপজেলায় মোট ভোটার ২ লক্ষ ৬০ হাজার ৮৩৬ জন, যার মধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৩০ হাজার ৯০৪ জন এবং নারী ভোটার ১ লক্ষ ২৯ হাজার ৯২৯ জন। এছাড়া ৩ জন হিজড়া ভোটার রয়েছে।

পবা উপজেলায় চেয়ারম্যান পদে ৬ জন, ভাইস চেয়ারম্যান পদে ৮ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৪ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন।

অন্যদিকে মোহনপুর উপজেলায় ৪৫টি কেন্দ্রের ৩৪৬টি বুথে ভোট গ্রহণ করা হয়। এ উপজেলাতে ১ লক্ষ ৪৫ হাজার ৫৪৩ জন মোট ভোটারের মধ্যে ৭২ হাজার ৭০৪ জন পুরুষ এবং ৭২ হাজার ৮৩৯ জন মহিলা ভোটার রয়েছে। এখানে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা চেয়ারম্যানের প্রতিটি পদেই ৫জন করে প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

সাধারণ ভোট কেন্দ্রগুলোর পাশাপাশি গুরুত্বপূর্ণ ভোট কেন্দ্রগুলোতে ছিলো পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা। যেকোনো অপ্রীতিকর পরিস্থিতিতে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সদাপ্রস্তুত ছিল জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত। ভোট কেন্দ্রগুলোতে পুলিশ, বিজিবি, এবং র্যাবের পাশাপাশি আনসার সদস্যরা দায়িত্ব পালন করেন।

উপজেলার প্রতিটি গুরুত্বপূর্ণ স্থানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা গেছে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬.১০ঘ.